



পত্র নং- বা: স্কা: (সংগঠন) ২৬৪(২০০)/২০২০

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪২৭
১৩ আগস্ট ২০২০

পরিপত্র

বিষয় : স্কাউটিং সম্প্রসারণে সহযোগিতা প্রদান সম্পর্কীয়।

স্কাউটিং একটি আন্তর্জাতিক, স্বৈচ্ছাসেবী, অরাজনৈতিক ও শিক্ষামূলক আন্দোলন এবং যুবদের জন্য প্রচলিত শিক্ষার পাশাপাশি একটি সম্পূর্ণ শিক্ষা ব্যবস্থা। স্কাউটদের চাহিদার প্রতি লক্ষ্য রেখে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা অনুযায়ী স্কাউট পদ্ধতিতে নিয়মিত প্রশিক্ষণ ও ব্যক্তি জীবনে এর প্রতিফলন ঘটিয়ে দেশের যুব সম্প্রদায়কে আত্মনির্ভর, চরিত্রবান সর্বোপরি আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে বাংলাদেশ স্কাউটস অব্যাহতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

বাংলাদেশ স্কাউটস এর উল্লিখিত কার্যক্রমকে যথাযথভাবে বাস্তবায়নে বিগত ২৬ জানুয়ারি ২০১৭ তারিখ একাদশ জাতীয় রোভার মুট উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৮ মার্চ ২০১৭ তারিখের ০৩.০৭৪.৩৭.৩৫৩.০০.০২১.২০১৬-৯৮১(৬) নং পত্রের অনুশাসন-এ নিম্নরূপ নির্দেশনা প্রদান করছেন:

(ক) “প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অন্তত: দুটি করে কাব স্কাউট দল, দুটি স্কাউট দল ও দুটি রোভার স্কাউট দল চালু করতে হবে। ছেলেদের পাশাপাশি স্কাউটিং কার্যক্রমে মেয়েদের অংশগ্রহণ আরও বৃদ্ধি করার লক্ষ্যে মেয়েদের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ও সহশিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত গার্ল ইন স্কাউটিং ইউনিট চালু করতে হবে”।

(খ) “এ জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সকলে সমন্বিতভাবে বাংলাদেশ স্কাউটসকে সহযোগিতা করবেন বলে আশা করি”।

স্কাউট দল গঠনে বাংলাদেশ স্কাউটস এর ‘গঠন ও নিয়ম’ এর ধারা নিম্নরূপ:

ধারা ২০৮ (ক) : স্কাউট গ্রুপ দু’ধরনের হতে পারবে : (১) নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ; (২) মুক্ত স্কাউট গ্রুপ ;

ধারা ২০৮ (খ) : অনুমোদিত স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়, সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বিধিবদ্ধ সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান, ধর্মীয় সংস্থা, অরাজনৈতিক যুব সংস্থা ইত্যাদির আওতায় নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। নিয়ন্ত্রিত গ্রুপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার স্কাউট বয়সী বালক-বালিকা, কিশোর-কিশোরী, যুবক-যুবতী ছাড়া অন্য কেউ অন্তর্ভুক্ত হতে পারবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা প্রধান হবেন এরূপ গ্রুপের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

ধারা ২০৮ (গ) : নিয়ন্ত্রিত গ্রুপের এলাকাবহির্ভূত যে কোন মহল্লা বা পাড়ায় বসবাসকারী স্কাউট বয়সী ছেলেমেয়েদের নিয়ে মুক্ত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত অনুমতিক্রমে তাদের সদস্যগণও মুক্ত স্কাউট গ্রুপে ভর্তি হতে পারবে। উপজেলা/থানা, জেলা স্কাউটসের অনুমোদনক্রমে মুক্ত স্কাউট গ্রুপের কাউন্সিল সভাপতি এরূপ গ্রুপের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হিসেবে থাকবেন।

ধারা ২১৯ (খ) : প্রয়োজনীয় নৌকা, জলযান ও নৌ বিদ্যা শেখার উপকরণ ও প্রশিক্ষণপ্রাপ্ত নৌ স্কাউট লিডার পাওয়া গেলে দেশের সমুদ্রোপকূলীয় অঞ্চল, অভ্যন্তরীণ নৌ চলাচলযোগ্য যে কোন স্থানে যে কোন স্কাউট গ্রুপের শাখা হিসেবে অথবা আলাদাভাবে নৌ স্কাউট দল/ইউনিট গঠন করা যাবে।

ধারা ২২০ (খ) ১): বিমান ও বৈমানিকদের কৌশলাদি শেখানোর জন্য প্রয়োজনীয় উপকরণ ও প্রশিক্ষণপ্রাপ্ত এয়ার স্কাউট লিডার পাওয়া গেলে যে কোন স্কাউট গ্রুপের শাখা হিসেবে অথবা আলাদাভাবে এয়ার স্কাউট দল/ইউনিট গঠন করা যাবে। প্রয়োজনীয় ক্ষেত্রে যে কোন স্কাউট দলের সঙ্গে এয়ার স্কাউট উপদল গঠন করা যেতে পারে।

এমতাবস্থায়, বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট দল গঠনের পাশাপাশি যে কোন মহল্লা বা পাড়ায় বসবাসকারী স্কাউট বয়সী ছেলেমেয়েদের নিয়ে মুক্ত স্কাউট দল/নৌ / এয়ার স্কাউট দল গঠন ও স্কাউটিং সম্প্রসারণে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতা একান্তভাবে কাম্য।

(আরশাদুল মুকাদ্দিস)

নির্বাহী পরিচালক

বাংলাদেশ স্কাউটস।

বিতরণ: কার্যার্থে:

১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সকল শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ ;

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল/সকল জেলা/সকল উপজেলা ;
- ২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, বাংলাদেশ স্কাউটস (সকল) ;
- ৩। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল জেলা ;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার, সকল উপজেলা ;

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
- ২। সদস্য, জাতীয় নির্বাহী কমিটি (সকল) ;
- ৩। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।